গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৩-৭০৪ তারিখঃ ১৭.০৮.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আব্দুল আলিম (৪১৭৯১), মেডিকেল অফিসার, ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৯.০৫.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীঅন্তে অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং তদন্তে তাঁর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ প্রমানিত মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আব্দুল আলিম (৪১৭৯১), মেডিকেল অফিসার, ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, তদন্ত প্রতিবেদন পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৩-৭০৪/১(৯) তারিখঃ ১৭.০৮.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। পরিচালক, ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা
৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। ডাঃ মোঃ আব্দুল আলিম (৪১৭৯১), মেডিকেল অফিসার, ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-১/১-১০/২০০২/ ৫২৭

তারিখঃ .০৪.১৪২০ বঙ্গাব্দ
০৭ .০৮.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ মোঃ নূরুল আলম (কোড-৩৬৮০০), প্রাক্তন মেডিকেল অফিসার, বুরুঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বালাগঞ্জ, সিলেট ২২.০১.২০০১ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারন-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে কেন গুরুদন্ড প্রদান করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহন করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষনে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক ডাঃ মোঃ নূরুল আলম (কোড-৩৬৮০০), প্রাক্তন মেডিকেল অফিসার, বুরুঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বালাগঞ্জ, সিলেট-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২২.০১.২০০১ থেকে সরকারি চাকুরি হতে অপসারণ করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
০৭.৮.১৩.
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-স্বাপকম/শৃংখলা-১/১-১০/২০০২/ ৫২৭/১(৯)

তারিখঃ .০৪.১৪২০ বঙ্গাব্দ
০৭ .০৮.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। ডাঃ মোঃ নূরুল আলম (কোড-৩৬৮০০), প্রাক্তন মেডিকেল অফিসার, বুরুঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বালাগঞ্জ, সিলেট (স্থায়ী ঠিকানা- গ্রাম+ডাকঘর-অষ্টগ্রাম, উপজেলা-অষ্টগ্রাম, জেলাঃ- কিশোরগঞ্জ)

০৭.৮.১৩

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikus Document (Current)\Order (NI)\Removal from Service.doc